

আন-নূর | An-Nur | أَنْوَرٌ

আয়াতঃ ২৪ : ৫৩

আরবি মূল আয়াত:

وَأَقْسَمُوا بِاللَّهِ جَهَدَ أَيْمَانِهِمْ لَئِنْ أَمَرْتَهُمْ لِيَخْرُجُنَّ ۝ قُلْ لَا تُقْسِمُوا
طَاعَةً مَعْرُوفَةً ۝ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ۝ (৫৩)

A | অনুবাদসমূহ:

আর তারা তাদের সুদৃঢ় শপথের মাধ্যমে আল্লাহর নামে কসম করে বলে যে, 'তুমি যদি তাদের আদেশ কর তবে তারা বের হবেই। তুমি বল, 'তোমরা কসম করো না। [তোমাদের] আনুগত্য তো জানাই আছে। তোমরা যা কিছু কর, নিশ্চয় আল্লাহ সে বিষয়ে সর্বিশেষ অবহিত'। — আল-বায়ান

(হে নবী!) তারা শক্ত করে কসম খেয়ে বলে যে, তুমি তাদেরকে আদেশ করলে তারা অবশ্য অবশ্যই বের হবে, বল : তোমরা কসম খেয়ো না, স্বাভাবিক আনুগত্যই কাম্য, বস্তুতঃ তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে সম্পূর্ণ অবহিত। — তাইসিরুল

তারা দৃঢ়ভাবে আল্লাহর শপথ করে বলে, তুমি তাদেরকে আদেশ করলে তারা বের হবেই; তুমি বলঃ শপথ করনা, যথার্থ আনুগত্যই কাম্য। তোমরা যা কর আল্লাহ সে বিষয়ে সর্বিশেষ অবহিত। — মুজিবুর রহমান

And they swear by Allah their strongest oaths that if you ordered them, they would go forth [in Allah 's cause]. Say, "Do not swear. [Such] obedience is known. Indeed, Allah is Acquainted with that which you do." — Sahih International

৫৩. আর তারা দৃঢ়ভাবে আল্লাহর শপথ করে বলে যে, আপনি তাদেরকে আদেশ করলে তারা অবশ্যই বের হবে; আপনি বলুন, শপথ করো না, আনুগত্যের ব্যাপারটি জানাই আছে। তোমরা যা কর নিশ্চয় আল্লাহ সে বিষয়ে সর্বিশেষ অবহিত।

-

তাফসীরে জাকারিয়া

(৫৩) ওরা দৃঢ়ভাবে আল্লাহর শপথ করে বলে যে,[1] তুমি ওদেরকে আদেশ করলে ওরা জিহাদের জন্য অবশ্যই বের হবে। তুমি বল, 'শপথ করো না। তোমাদের আনুগত্য তো জানাই আছে।[2] তোমরা যা কর, আল্লাহ অবশ্যই সে বিষয়ে সর্বিশেষ অবহিত।'[3]

[1] এর মধ্যে **دَهْجَةً** উহ্য ক্রিয়ার ক্রিয়ামূল, যা তাকীদের অর্থে ব্যবহৃত হয়েছে। আসল বাক্য এইরূপঃ **جَهَدَ أَيْمَانِهِمْ** কিম্বা হাল (ক্রিয়া-বিশেষণ; অবস্থা) বর্ণনার জন্য **دَهْجَةً** শব্দটিতে যবর হয়েছে। অর্থাৎ, যার অর্থ হল তারা সমস্ত শক্তি দিয়ে (দৃঢ়ভাবে) শপথ করে বলে থাকে। (ফাতহল কাদীর)

[2] আর তা হল এই যে, যেরূপ তোমরা মিথ্যা শপথ করছ, অনুরূপ তোমাদের আনুগত্যও মুনাফিকীর উপর নির্ভরশীল। কেউ কেউ এই অর্থ ব্যক্ত করে আর তা হল এই যে, যেরূপ তোমরা মিথ্যা শপথ করছ, অনুরূপ তোমাদের আনুগত্যও মুনাফিকীর উপর নির্ভরশীল। কেউ কেউ এই অর্থ ব্যক্ত করেছেন যে, তোমাদের আচরণ সৎকর্মে আনুগত্য হওয়া উচিত। আর সৎকর্মে আনুগত্যের জন্য শপথের প্রয়োজন নেই। যেমন মুসলিমরা বিনা শপথে আনুগত্য ক'রে থাকে, তেমনি তোমরাও তাদের মত হয়ে যাও। (ইবনে কাসীর)

[3] অর্থাৎ, তিনি তোমাদের সকলের অবস্থা সম্পর্কে সবিশেষ অবহিত; কে অনুগত এবং কে অবাধ্য? অতএব শপথ করে আনুগত্য প্রকাশ করে এবং তোমাদের অন্তরে তার বিপরীত সংকল্প রেখে তোমরা আল্লাহকে ধোঁকা দিতে পারবে না। কারণ, তিনি গোপন থেকে গোপনতর সব কিছুর ব্যাপারে অবহিত। এমন কি তোমাদের অন্তরের গুপ্ত রহস্য সম্পর্কেও অবগত; যদিও তোমরা জিহ্বা দ্বারা তার বিপরীত প্রকাশ কর।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2844>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন